ডিবিবিএল মোবাইল ব্যাংকিং এক নজরে

ব্যাংকিং সুবিধা বঞ্চিতদের জন্য ব্যাংকিং

ডাচ্-বাংলা ব্যাংক

আপনার বিশ্বস্ত সহযোগী

মোবাইল ব্যাংকিং কী?

মোবাইল ব্যাংকিং হচ্ছে শাখাবিহীন ব্যাংকিং ব্যবস্থা, যার মাধ্যমে স্বল্প খরচে দক্ষতার সঙ্গে আর্থিক সেবা পৌঁছে যাবে ব্যাংকিং সুবিধা বঞ্চিত জনগোষ্ঠির কাছে। মোবাইল প্রযুক্তি সরঞ্জাম অর্থাৎ মোবাইল ফোনের মাধ্যমে ব্যাংকিং ও আর্থিক সেবা প্রদান করাই হচ্ছে মোবাইল ব্যাংকিং।

মোবাইল ব্যাংকিং-এর সুবিধাসমূহ ঃ

- প্রকৃত অনলাইন ব্যাংকিং সেবা
- দেশব্যাপী যে কোন সময়, যে কোন স্থানে সেবার নিশ্চয়তা
- এটি সুবিধাজনক, সহজলভ্য এবং নিরাপদ
- টাকা সঞ্চয়ের অভ্যাস বাড়ানোর জন্য মোবাইল ব্যাংকিং অধিক কার্যকর
- এর মাধ্যমে দ্রুত ও কম খরচে টাকা লেনদেন এবং আধুনিক ব্যাংকিং সেবায় প্রবেশের সুযোগ সৃষ্টি হবে
- মোবাইল ব্যাংকিং অধিকতর নিরাপদ এবং প্রতারণারোধক

ডিবিবিএল মোবাইল ব্যাংকিং এর মাধ্যমে কী কী সেবা পাওয়া যাবে?

- গ্রাহক নিবন্ধণ
- নগদ টাকা জমাদান
- নগদ টাকা উত্তোলন
- বেতন/ভাতা বিতরণ
- বিদেশ হতে প্রেরিত অর্থ প্রেরণ
- ব্যক্তির একাউন্ট থেকে অপর ব্যক্তির একাউন্টে টাকা স্থানান্তর (P2P)
- মোবাইল টপ আপ
- ব্যালেন্স অনুসন্ধান

কোথায় মোবাইল একাউন্ট রেজিস্ট্রেশন করবেন?

DBBL মনোনীত যে কোন মোবাইল এজেন্ট পয়েন্টে, যারা DBBL এর "এজেন্ট সনদ" এবং DBBL মোবাইল ব্যাংকিং ব্যানার প্রদর্শন করতে পারবে তারাই DBBL এর গ্রাহক রেজিস্ট্রেশন করতে পারবেন।

কোন অপারেটরের মোবাইল DBBL এর একাউন্ট হিসাবে রেজিস্ট্রেশন করা যাবে?

যে কোন মোবাইল অপারেটরের মোবাইল ব্যবহারকারী ব্যাংক মনোনীত এজেন্ট পয়েন্টে মোবাইল একাউন্ট রেজিস্ট্রেশন করতে পারবেন।

রেজিস্ট্রেশনের জন্য প্রয়োজনীয় কাগজপত্রগুলো কী কী?

- পূরণকৃত KYC ফরম (যা মনোনীত এজেন্টদের কাছে পাওয়া যাবে)
- গ্রাহকের ছবি
- জাতীয় পরিচয়পত্র অথবা অন্য যে কোন ছবি সম্বলিত গ্রহণযোগ্য পরিচয়পত্র

আমার মোবাইল একাউন্ট নম্বরটি কত?

আপনার মোবাইল ফোন নম্বরটিই হচ্ছে আপনার মোবাইল একাউন্ট নম্বর যার সঙ্গে একটি check digit যুক্ত হবে। উদাহরণস্বরূপ- যদি আপনার মোবাইল নম্বরটি হয় ০১২৩৩৪৪৫৫৬৬ এবং check digit হয় ৩, তাহলে আপনার মোবাইল একাউন্ট নম্বরটি হবে ০১২৩৩৪৪৫৫৬৬৩।

কিভাবে মোবাইল একাউন্ট রেজিস্ট্রেশন করবেন?

- গ্রাহক KYC ফরম পূরণ করে জাতীয় পরিচয়পত্রের অনুলিপি ও ছবিসহ এজেন্টের কাছে জমা দিবেন
- এজেন্ট তার মোবাইল থেকে রেজিস্ট্রেশন পদ্ধতি শুরু করবেন
- গ্রাহক IVR হতে একটি কল বা USSD Prompt Menu পাবেন এবং প্রত্যুত্তরে তার পছন্দমত ৪ সংখ্যার একটি PIN নম্বর দিবেন (অনুগ্রহপূর্বক PIN নম্বরটি মনে রাখবেন)
- অতঃপর গ্রাহকের মোবাইল একাউন্টটি চালু হবে, একাউন্ট নম্বরটি হবে গ্রাহকের মোবাইল নম্বর যার সঙ্গে একটি Cheek digit যুক্ত হবে।
- গ্রাহক তার মোবাইল একাউন্ট নম্বর এর নিশ্চিতকরণ SMS পাবেন

PIN কেন গোপনীয় ?

PIN মোবাইল ব্যাংকিং এর লেনদেনের মূল চাবি। শুধু সঠিক PIN এবং মোবাইল একাউন্ট নম্বরের সমন্বয়ের মাধ্যমেই মোবাইল একাউন্টে প্রবেশ করা সম্ভব। সিস্টেম কর্তৃক একাউন্টের মালিকের পরিচিতি নিশ্চিত করার জন্য PIN প্রয়োজন। যেহেতু PIN নম্বরটি অন্য কেউ জানলে সংশ্লিষ্ট একাউন্টটি ঝুকিপূর্ণ, সুতরাং PIN অতীব সতর্কতার সঙ্গে সংরক্ষণ করতে হবে।

কি ধরনের মোবাইল সেট প্রয়োজন?

যে কোন ধরনের মোবাইল সেট ব্যবহার করেই DBBL মোবাইল একাউন্টের সেবা পাওয়া যাবে।

একাউন্ট খুলতে কত টাকা প্রয়োজন?

মাত্র ১০০ (একশত) টাকা জমা দিয়ে একজন গ্রাহক DBBL মোবাইল একাউন্ট খুলতে পারবেন।

কোথায় টাকা জমা দিবেন?

DBBL মনোনীত যে কোন এজেন্ট ও DBBL শাখায় টাকা জমা দেয়া যাবে।

কিভাবে টাকা জমা দিবেন?

- গ্রাহক এজেন্টের নিকট টাকা জমা দিবেন
- এজেন্ট তার মোবাইল থেকে জমাদান পদ্ধতি শুরু করবেন
- এজেন্ট সিস্টেম হতে একটি বার্তা পাবেন এবং ফিরতি বার্তায় গ্রাহকের মোবাইল নম্বর ও টাকার পরিমাণ দিবেন
- এজেন্ট তার PIN নম্বর দিবেন
- সিস্টেম, গ্রাহকের একাউন্টে সমপরিমাণ টাকা ক্রেডিট করবে
- এজেন্ট গ্রাহককে টাকা জমাদানের রশিদ দিবেন
- সিস্টেম গ্রাহকের মোবাইলে একটি নিশ্চিতকরণ SMS পাঠাবে
- নিরাপত্তা নিশ্চিত ও সঠিক লেনদেন করার জন্য গ্রাহক SMS প্রেরকের নম্বর এবং টাকার পরিমাণ অবশ্যই নিরীক্ষা করবেন। গ্রাহকরা ১৬২১৬ অথবা ০১১৯০০১৬২১৬ হতে SMS পাবেন।
- যদি টাকার পরিমাণ সঠিক না থাকে বা SMS অন্য কোন নম্বর থেকে প্রেরণ করা হয়, তবে তা সঠিক বলে বিবেচ্য হবে না।

টাকা উত্তোলন করবেন কোথায়?

DBBL মনোনীত যে কোন এজেন্ট ও শাখা থেকে টাকা উত্তোলন করা যাবে।

কিভাবে টাকা উত্তোলন করবেন?

- গ্রাহক টাকা উত্তোলনের জন্য এজেন্টকে চেক ডিজিটসহ তার মোবাইল একাউন্ট নং ও টাকার পরিমাণ বলবেন
- এজেন্ট তার মোবাইল থেকে উত্তোলন পদ্ধতি শুরু করবেন
- এজেন্ট সিস্টেম হতে একটি বার্তা পাবেন এবং ফিরতি বার্তায় গ্রাহকের মোবাইল নম্বর ও টাকার পরিমাণ দিবেন

- গ্রাহক DBBL সিস্টেম হতে নিম্নলিখিত বার্তা বা IVR কল পাবেন: "আপনি আপনার মোবাইল একাউন্ট থেকে xxx টাকা উত্তোলন করতে যাচ্ছে। আপনি যদি লেনদেনটি সম্পন্ন করতে চান তাহলে আপনার ৪ সংখ্যার PIN নম্বরটি প্রদান করুন"
- গ্রাহক PIN নম্বরটি টাইপ করবেন
- সিস্টেম, গ্রাহকের একাউন্ট হতে সমপরিমাণ টাকা ডেবিট করবে
- এজেন্ট গ্রাহককে টাকা প্রদান করবেন

কিভাবে আপনার একাউন্টের ব্যালেন্স জানবেন?

- সিটিসেল/এয়ারটেল গ্রাহক ১৬২১৬ নম্বরে একটি খালি/M লিখে SMS পাঠাবেন এবং বাংলালিংক গ্রাহক *৩২২# নম্বরে ডায়াল করবেন
- গ্রাহক তার মোবাইলে একটি প্রম্পট মেন্যু পাবেন
- গ্রাহক "Reply" চেপে মেন্যুতে উল্লেখিত "Balance" এর ক্রমিক নম্বরটি প্রবেশ করিয়ে "Send" চাপবেন
- গ্রাহক সিস্টেম হতে একটি কল পাবেন এবং নির্দেশনা অনুযায়ী তার PIN নম্বরটি টাইপ করবেন
- DBBL System গ্রাহকের মোবাইলে SMS এর মাধ্যমে ব্যালেন্সের পরিমাণ পাঠিয়ে দিবে
- অন্য মোবাইল অপারেটরের গ্রাহকগণ তাদের মোবাইল থেকে ১৬২১৬ নম্বরে কল করে তাদের Balance জানতে পারবেন।

কিভাবে PIN পরিবর্তন করবেন?

- সিটিসেল/এয়ারটেল গ্রাহক ১৬২১৬ নম্বরে একটি খালি/M লিখে SMS পাঠাবেন এবং বাংলালিংক গ্রাহক *৩২২# নম্বরে ডায়াল করবেন
- গ্রাহক তার মোবাইলে একটি প্রম্পট মেন্যু পাবেন
- গ্রাহক "Reply" চেপে মেন্যুতে উল্লেখিত "Change PIN" এর ক্রমিক নম্বরটি প্রবেশ করিয়ে "Send" চাপবেন
- গ্রাহক সিস্টেম হতে একটি কল পাবেন এবং নির্দেশনা অনুযায়ী তার বর্তমান PIN নম্বরটি টাইপ করে নতুন PIN নম্বরটি টাইপ করবেন
- PIN টি পরিবর্তিত হবে
- অন্য মোবাইল অপারেটরের গ্রাহকগণ তার মোবাইল ব্যতিত অন্য কোন মোবাইল ফোন থেকে ১৬২১৬ নম্বরে কল করে PIN পরিবর্তনের অনুরোধ করলে তার নিজস্ব মোবাইলে PIN পরিবর্তনের জন্য আরেকটি IVR কল পাবেন। এই কলের মাধ্যমে তিনি তার PIN পরিবর্তন করতে পারবেন।

বিদেশ থেকে কিভাবে রেমিটেন্স পাঠাবেন?

১। ডাচ্-বাংলা ব্যাংকের মনোনীত Exchange House থেকে :

বিদেশে অবস্থিত ডাচ্-বাংলা ব্যাংকের মনোনীত যে কোন Exchange House থেকে আপনি রেমিটেন্স পাঠাতে পারেন। আপনার পাঠানো টাকা ২৪ ঘন্টার মধ্যে বেনিফিসিয়ারী/রেমিটেন্স গ্রহীতার মোবাইল একাউন্টে জমা হয়ে যাবে এবং বেনিফিসিয়ারী/গ্রহীতা তৎক্ষণাৎ স্বয়ংক্রিয় একটি SMS এর মাধ্যমে তার মোবাইল একাউন্টে টাকা জমা হওয়ার খবর জানতে পারবেন। এই সহজ সুবিধা পেতে Exchange House এ গিয়ে নিচের তথ্যগুলো দিন।

⇨ টাকার পরিমান

⇨ যার কাছে টাকা পাঠাবেন তার নাম, ব্যাংকের নাম (Dutch-Bangla Bank) ও মোবাইল একাউন্ট নম্বর।

২। অন্য ব্যাংকের মনোনীত Exchange House থেকে :

বিদেশে অবস্থিত বাংলাদেশের যে কোন ব্যাংকের মনোনীত Exchange House থেকেও আপনি রেমিটেন্স পাঠাতে পারেন। আপনার পাঠানো টাকা ২-৩ কার্যদিবসের মধ্যে বেনিফিসিয়ারী/রেমিটেন্স গ্রহীতার মোবাইল একাউন্টে জমা হয়ে যাবে এবং বেনিফিসিয়ারী/গ্রহীতা তৎক্ষণাৎ স্বয়ংক্রিয় একটি SMS এর মাধ্যমে তার মোবাইল একাউন্টে টাকা জমা হওয়ার খবর জানতে পারবেন। এই সুবিধা পেতে Exchange House এ গিয়ে নিচের তথ্যগুলো দিন:

⇨ টাকার পরিমান

⇨ যার কাছে টাকা পাঠাবেন তার নাম, ব্যাংকের নাম (Dutch-Bangla Bank) ও মোবাইল একাউন্ট নম্বর।

রেমিটেন্স গ্রহীতা কিভাবে তার একাউন্ট থেকে টাকা উত্তোলন করবেন?

বর্তমানে দেশের গ্রামাঞ্চলে বসবাসকারী রেমিটেন্স গ্রহীতাদের জেলা সদরে এসে কোন ব্যাংক থেকে রেমিটেন্সের টাকা উত্তোলন করতে হয়, যা সময় ও ব্যয়সাপেক্ষ ব্যাপার। এই ঝামেলা এড়াতে এখন থেকে আপনারা মোবাইল একাউন্টে টাকা পাঠান যা গ্রহীতা তার নিকটস্থ DBBL Agent Point থেকে উত্তোলন করতে পারবেন। সারাদেশে DBBL এর অগণিত Agent রয়েছে। এখন আর একজন গ্রাহককে জেলা সদরে যাওয়ার প্রয়োজন নেই, DBBL প্রতিটি ইউনিয়নে অবস্থিত ইউনিয়ন ইনফরমেশন সার্ভিস সেন্টার (UISC) এর মাধ্যমে মোবাইল ব্যাংকিং সেবা প্রদান করছে। সেখান থেকেই গ্রহীতা রেমিটেন্সের টাকা উত্তোলন করতে পারবেন।

নিম্নলিখিত জায়গা থেকে একজন প্রাপক রেমিটেন্সের টাকা উত্তোলন করতে পারবেন।

⇨ DBBL মনোনীত এজেন্ট

⇨ ডাচ্-বাংলা ব্যাংকের যে কোন শাখা

⇨ ATM

লেনদেনের সীমা কত?

বর্তমানে নিম্নোক্ত পরিমাণ এবং সংখ্যা অনুযায়ী গ্রাহকগণ লেনদেন করতে পারবেনঃ

দৈনিক জমা	= সর্বোচ্চ ৫ বার
দৈনিক উত্তোলন	= সর্বোচ্চ ৫ বার
প্রত্যেক লেনদেনের (জমা/উত্তোলন) পরিমাণ	= টাকা ৫০০০/-
প্রতি মাসে জমা	= সর্বোচ্চ ২০ বার
প্রতি মাসে উত্তোলন	= সর্বোচ্চ ২০ বার

ফি এবং সার্ভিস চার্জ

রেজিস্ট্রেশন ফি	: ফ্রি
এজেন্ট পয়েন্টে টাকা জমাদান	: জমাকৃত টাকার ১% অথবা ৫ টাকা, যেটি অধিকতর
এজেন্ট পয়েন্ট হতে টাকা উত্তোলন	: উত্তোলনকৃত টাকার ২% অথবা ১০ টাকা, যেটি অধিকতর
রেমিটেন্স প্রদান	: ফ্রি
বেতন/ভাতা বিতরণ	: ফ্রি

বিস্তারিত জানতে আমাদের

কল সেন্টারে ডায়াল করুন

16216

ডাচ্-বাংলা ব্যাংক

আপনার বিশ্বস্ত সহযোগী